গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.npo.gov.bd

MCCI/BEF
Received on 12/06/2022
Action

"মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন"

নং-৩৬.১০.০০০০.০০৫.২৫.০০৪.২১/৯৭০

তারিখঃ ০২/০৬/২০২২ খ্রি:

বিষয়: এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) কর্মসূচির আওতায় কারিগরী সেবা গ্রহন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাপানভিত্তিক আন্ত:দেশীয় সংস্থা এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) উৎপাদনশীলতা উন্নয়নে বিভিন্ন ধরনের সহায়তা কার্যক্রম পরিচালনা করে থাকে। এপিও কর্তৃক পরিচালিত কর্মকান্ডের মধ্যে টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) অন্যতম। এপিও টিইএস কর্মসূচির আওতায় এর সদস্যভুক্ত দেশসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য প্রতিষ্ঠানসমূহকে তাদের প্রাতিষ্ঠানিক সক্ষমতা এবং ব্যবহারিক দক্ষতা বৃদ্ধির জন্য টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস (টিইএস) প্রদান করে থাকে।

২। টিইএস কর্মসূচির আওতায় এপিও হতে আগত এক্সপার্ট/এক্সপার্টদের সাথে কাজ করার জন্য নির্ধারিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কাজের সাথে নিয়োজিত ব্যক্তিবর্গকে নিয়ে টিম গঠনের মাধ্যমে কাজ করা হয়। গঠিত টিম এপিও এক্সপার্ট/এক্সপার্টদের নিকট হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরী দক্ষতা ও টেকনিকসমূহ গ্রহন করতে পারবেন এবং পরবর্তীতে নিজেদের সংস্থায়/কর্মক্ষেত্রে অর্জিত দক্ষতা যথাযথভাবে প্রয়োগ করে উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা করতে সক্ষম হবেন।

৩। নূন্যতম খরচে এপিও কর্তৃক প্রদত্ত এই সুযোগ আপনি অথবা আপনার সংস্থা কিংবা অধীনস্থ/নিয়ন্ত্রণাধীন/সদস্যভুক্ত কোনো প্রতিষ্ঠান গ্রহন করতে পারে। এপিও কর্তৃক প্রদত্ত টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস গ্রহনে আগ্রহী হলে নিম্ন স্বাক্ষরকারী বরাবর আগামী ১৫ জুলাই, ২০২২ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, আবেদন ফরম এনপিও'র ওয়েবসাইট www.npo.gov.bd এবং এপিও'র ওয়েবসাইট www.apo-tokyo.org হতে Download করে অথবা অফিস চলাকালীন সময়ে জনাব মোঃ মনিরুজ্জামান, গবেষণা কর্মকর্তা, মোবাইল নং-০১৭২৪৫৯৮৩৬১, ই-মেইল monirnpo82@gmail.com এর সাথে যোগাযোগ করে সংগ্রহ করা যেতে পারে।

7/6/22
(মুহম্মদ মেসবাহুল আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৮২৮৮৩
npobd1982@gmail.com

সভাপতি
মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ
চেম্বার বিল্ডিং, ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।